দৈনিক খবর

তাং ৩০ ০৮। ১৯৯০
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪

০৭

# আলিম, কামিল ও ফাজিল পরীক্ষার ফল প্রকাশ

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত আলিম, কামিল ও ফাজিল পরীক্ষার ফল গতকাল সোমবার ঘোষণা করা হয়েছে। চলতি বছরের মে-জুন মাসে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

বাসস জানায়, রাষ্ট্রপতির বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা উপদেষ্টা আলহাজ্ব মনসুর আলী সরকার ঢাকায় সচিবালয়ের শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক সাংবাদিক সম্মেলনে গতকাল এ ফল ঘোষণা করেন।

শেষ পৃষ্ঠায় ৩য় কলামে

## আলিম, কামিল

প্রথম পৃষ্ঠার পর

আলিম পরীক্ষায় সর্বমোট ২৫ হাজার ৬শ' ২৬ জন পরীক্ষার্থী অংশ নেয় এবং তাদের মধ্যে ১১ হাজার ৫শ' ২৩ জন উত্তীর্ণ হয়। পাসের হার ৪৪ দশমিক ৯৬। এ পরীক্ষায় ৩৪৯ জন প্রথম বিভাগে, ৪৬২৬ জন দ্বিতীয় বিভাগে এবং ৬৫৪৮ জন তৃতীয় বিভাগে পাস করে।

ফাজিল পরীক্ষায় ১৫ হাজার ১শ' ৯৯ জন পরীক্ষার্থীর মধ্যে ৭ হাজার ৯৯ জন উত্তীর্ণ হয়। পাসের হার ৪৬ দশমিক ৭। এতে ৩৭ জন পরীক্ষার্থী প্রথম বিভাগে, ২১৭৩ জন দ্বিতীয় বিভাগে এবং ৪৮৮৯ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়।

কামিল পরীক্ষায় ৯ হাজার ১শ' ৫৫ জন অংশ নেয়। তাদের মধ্যে ৫ হাজার ৫শ' ৮ জন উত্তীর্ণ হয়। পাসের হার ৬০ দশমিক ১৬। এ পরীক্ষায় ১০৪ জন প্রথম বিভাগ, ২৫৯৩ জন দ্বিতীয় বিভাগ এবং ২৮১১ জন তৃতীয় বিভাগ পায়।

আলিম পরীক্ষায় মোট ২৬০৮ জন, ফাজিল পরীক্ষায় ১৬৪৬ জন এবং কামিল পরীক্ষায় ৫৫০ জন পরীক্ষার্থী পরীক্ষার হল থেকে বহিস্কৃত হয়।

আলিম পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছে কুমিল্লা ইসলামিয়া আলিয়া মাদ্রাসার ছাত্র মোহাম্মদ আখতার হোসেন। সে ৯০১ নম্বর পেয়েছে। তার রোল ৭৭৫ (বিজ্ঞান)। দ্বিতীয় হয়েছে চট্টগ্রামের জামিয়া গাউসিয়া মইনিয়া আলিয়া মাদ্রাসার ছাত্র আবুল ফাতাহ মোহাম্মদ মুহিউদ্দিন। সে ৮১৮ নম্বর পেয়েছে। তার রোল ২৪৩৭০ (সাধারণ)। নাটোরের আল মাদ্রাসাতুল জমহুরিয়ার ছাত্র মোহাম্মদ আলী হোসেন ৭৮৬ নম্বর পেয়ে তৃতীয় হয়েছে। তার রোল ৪৫২ (বিজ্ঞান)।

কামিল পরীক্ষায় প্রথম হয়েছে ঢাকার মাদ্রাসা-ই-আলিয়ার ছাত্র মোহাম্মদ আবুল কামাল আজাদ। সে ৮২৬ নম্বর পেয়েছে। তার রোল ৮৮৭৬। দ্বিতীয় হয়েছে ৮০৫ নম্বর পেয়ে চট্টগ্রামের রাঙ্গুনিয়া আলম শাহপারা আলিয়া মাদ্রাসার ছাত্র মোহাম্মদ নূরুল আমিন। তার রোল ৮৮২৫। একই মাদ্রাসার ছাত্র মোহাম্মদ আনোয়ার হোসেন ৭৮০ নম্বর পেয়ে তৃতীয় স্থান অধিকার করেছে। তার রোল ৮৯২৮।

ফাজিল পরীক্ষায় প্রথম স্থান লাভ করেছে কুমিল্লার ধামতী ইসলামিয়া আলিয়া মাদ্রাসার ছাত্র মোহাম্মদ খলিলুর রহমান। সে পেয়েছে ৭৩৪ নম্বর। তার রোল ১০৮৭৭। দ্বিতীয় হয়েছে ৭২৯ নম্বর পেয়ে একই মাদ্রাসার ছাত্র সাইফ উল্লাহ। তার রোল ১০৮৭৬। বরগুনার করুণা মোকামিয়া আলিয়া মাদ্রাসার ছাত্র এম শামীম আহসান ৭১৪ নম্বর পেয়ে তৃতীয় হয়েছে। তার রোল ১০২৪৯।